# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
www.sfdf.gov.bd

**ফাউন্ডেশন গঠনের প্রেক্ষাপট**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৮ ধারার বিধান মতে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর হতে নিবন্ধন গ্রহণের মাধ্যমে "ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (Small Farmers Development Foundation)" নামে এ প্রতিষ্ঠান গঠিত হয়।

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) কর্তৃক ১৯৭২ সালে এশিয়া অঞ্চলের ৮টি দেশে (যেমন- বাংলাদেশ, ভারত, নেপাল, শ্রিলংকা, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, কোরিয়া ও থাইল্যান্ড) ক্ষুদ্র কৃষক ও ভূমিহীনদের অবস্থা পর্যবেক্ষণ করে তাঁদের সমস্যা চিহ্নিতকরণ ও উন্নয়নের জন্য সুপারিশমালা প্রণয়নের উদ্দেশ্যে "Asian Survey on Agrarian Reforms and Rural Development (ASARRD)" শীর্ষক একটি স্টাডি প্রকল্প গ্রহণ করে। প্রতিবেদনের মূল পর্যবেক্ষণ ছিল প্রচলিত উন্নয়ন ব্যবস্থায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠী উন্নয়ন প্রচেষ্টা থেকে বাদ পড়ে যাচ্ছে এবং এদের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। প্রতিবেদনে গ্রামীণ দরিদ্রদের সকল প্রকার সেবা সহায়তা প্রদানের লক্ষ্যে গ্রাম পর্যায়ে দরিদ্রদের নিয়ে একটি 'গ্রহণকারী ব্যবস্থা' গড়ে তোলা এবং 'প্রদানকারী ব্যবস্থা'কে ঢেলে সাজানোর সুপারিশ করা হয়।

এ প্রেক্ষাপটে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উদ্যোগে ১৯৭৫-১৯৭৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ক্ষুদ্র কৃষক ও ভূমিহীন শ্রমিক উন্নয়ন প্রকল্প (এসএফডিপি) নামক একটি পরীক্ষামূলক প্রকল্প গ্রহণ করা হয়। প্রাথমিকভাবে প্রকল্পটি বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কুমিল্লা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া কর্তৃক ১৯৭৬-১৯৮০ সময়ে এবং ১৯৮০-১৯৮৪ পর্যন্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়। অত:পর ১৯৮৫ হতে ২০০৪ পর্যন্ত বার্ড প্রকল্পটি বাস্তবায়ন করে। বিভিন্ন সংস্থার মূল্যায়নের ভিত্তিতে একে একটি স্বতন্ত্র প্রতিষ্ঠানে রূপ দেয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রকল্পটি ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনে রূপান্তর করা হয়। যার মূল উদ্দেশ্য হচ্ছে, দেশের পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষকদের অনানুষ্ঠানিক কেন্দ্রের আওতায় সংগঠিত করে জামানতবিহীন ক্ষুদ্র ঋণের মাধ্যমে উৎপাদন, আত্মকর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জামানতবিহীন ঋণ প্রদাণের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা দারিদ্র্য হ্রাসকরণ।

**ফাউন্ডেশনে রূপান্তর:**

প্রকল্পটি সমাপ্তির পর Small Farmers Development Foundation (SFDF) নামে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতায় ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৮ধারার বিধান মতে ২৭ জুলাই ২০০৫ সালে সম্পূর্ণ সরকারি মালিকানাধীন একটি ফাউন্ডেশনে রূপান্তরিত হয় এবং ফেব্রুয়ারি ২০০৭ সালে মাঠ কার্যক্রম শুরু হয়।

**ফাউন্ডেশনের আইনগত ভিত্তি:**

**ফাউন্ডেশনের ধরণ:** জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মস, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে "The Companies Act,1994 A Company Limited by Guarantee AND Licensed under Section 28 of the Companies Act, 1994.

ফাউন্ডেশনের প্রবিধানমালাঃ MEMORANDUM AND ARTICALS OF ASSOCIATION OF SMALL FARMERS DEVELOPMENT FOUNDATION". Dated: ২৭-০৭-২০০৫, License No: C-৬১৪(০২)/০৫ এর আলোকে কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫, ২০১০, ২০১৩ ও ২০২২ প্রণীত হয়।

**ফাউন্ডেশনের লক্ষ্য:**

প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষকদের একটি সাংগঠনিক কাঠামোর আওতায় এনে সুনির্দিষ্ট প্রক্রিয়ায় আর্থিক সহায়তাদান, উৎপাদনশীল কর্মসংস্থান বৃদ্ধি, দারিদ্র্য দূরীকরণ এবং "ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন'কে একটি টেকসই আত্মনির্ভরশীল প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা।

**ফাউন্ডেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের পুরুষ ও মহিলাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে আয়ের উৎস বাড়ানো এবং তাদের আয় বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও জীবনযাত্রার মানোন্নয়ন করা;

২. ফাউন্ডেশনের লক্ষিত জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং তাদের সার্বিক সহযোগিতা প্রদানের জন্য পরিকল্পনা গ্রহণ, পরিচালনা ও কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে তাদের জীবনযাত্রার মানোন্নয়ন;

৩. সুফলভোগী সদস্য/সদস্যাদের সক্ষমতা অর্জনের লক্ষ্যে তাদের সংগঠিতকরণ, তদারকি করা, সমন্বয় সাধন,পরিচালনা ও সহযোগিতা করা;

৪. ফাউন্ডেশনের সুফলভোগী সদস্য/সদস্যাগণকে ক্ষুদ্র ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে উৎপাদন, কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়নে সহযোগিতা করা;

৫. ফাউন্ডেশনের উদ্যোগে গঠিত কেন্দ্রের সদস্য/সদস্যাদেরকে 'জামানত বিহীন' ঋণ প্রদানের মাধ্যমে তাদের উন্নয়ন ও কর্মসংস্থানের ব্যবস্থা করা;

৬. কেন্দ্রভুক্ত সদস্য/সদস্যাদেরকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব/কেন্দ্রের পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ;

৭. ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারী ও কেন্দ্রভুক্ত সুফলভোগী সদস্য/সদস্যাদের নেতা/নেত্রী উভয়ের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর উদ্যোগ গ্রহণ করা। বিশেষ করে সুফলভোগীদেরকে আয় বর্ধনমূলক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা;

৮. কেন্দ্রভুক্ত সদস্য/সদস্যাদের বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ড যেমন-শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, স্বাস্থ্য ব্যবস্থা, জন্ম নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ও নারীর ক্ষমতায়নে পরিকল্পনা গ্রহণ ও সহযোগিতা প্রদান;

৯. সুফলভোগী সদস্য/সদস্যাদের কর্মসংস্থান এবং আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডের জন্য নতুন নতুন এবং যথোপযুক্ত প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদান, প্রচার ও প্রয়োগে উৎসাহিতকরণ ও কার্যকর প্রচেষ্টা গ্রহণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন;

১০. কেন্দ্রভুক্ত সদস্য/সদস্যদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে উৎপাদন, কর্মসংস্থান এবং আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে প্রাসঙ্গিক তথ্য, উপদেশ অথবা অন্যান্য সেবায় অভিজ্ঞতা বিনিময়ের জন্য পদক্ষেপ গ্রহণ করা;

১১. দারিদ্র্য দূরীকরণ ও বেকারত্ব দূর করার লক্ষ্যে গবেষণা কর্ম পরিচালনায় উদ্যোগ গ্রহণ;

১২. আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে সেমিনার, কর্মশালা ও সম্মেলনের আয়োজন করা;

১৩. ফাউন্ডেশনের লক্ষ্য ও অগ্রগতি বিষয়ে প্রতিবেদন, সাময়িক পত্র, প্রবন্ধ, বুলেটিন, জার্নাল এবং বই প্রকাশের উদ্যোগ গ্রহণ করা;

১৪. ফাউন্ডেশনের লক্ষ্য অর্জনে কৃষি শিক্ষা, সামাজিক, বাণিজ্যিক, শিল্প সংস্থান কর্মকান্ডের উদ্যোগ গ্রহণ।

**ফাউন্ডেশনের কার্যাবলি**

১। গ্রাম পর্যায়ে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের পুরুষ/মহিলাদেরকে সংগঠিতকরণ;

২। সংগঠিত পুরুষ/মহিলাদেরকে তাদের উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়নে জামানত বিহীন ক্ষুদ্র ঋণ প্রদান;

৩। ঋণ বিনিয়োগের আয় থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় আমানত জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ;

৪। সুফলভোগী সদস্য/সদস্যাদের জন্য দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন ; এবং

৫। সুফলভোগী সদস্য/সদস্যাগণকে অর্থনৈতিক কার্যক্রমের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক কার্যক্রম যেমনঃ ছেলে-মেয়েদের শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদান।

**প্রতিষ্ঠানের উপাদান:**

প্রতিষ্ঠানের উদ্দেশ্য সাধনের লক্ষ্যে প্রতিষ্ঠানের মাধ্যমে যে সকল উপাদান/কার্যক্রম বাস্তবায়ন করা হবে তা সংক্ষেপে নিম্নরূপ:

- ➢ প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের কর্মক্ষম প্রাপ্ত বয়স্ক নারী/পুরুষ যে কোন একজনকে ১০-২৫ সদস্য বিশিষ্ট কেন্দ্রে সংগঠিতকরণ;
- ➢ কেন্দ্রের সদস্যগণকে উৎপাদন, কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়নে 'জামানত বিহীন' ঋণ প্রদানের ব্যবস্থাকরণ;
- ➢ কেন্দ্রের সদস্যগণকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব/কেন্দ্রের পুঁজি গঠনে উদ্বুদ্ধকরণ;
- ➢ কেন্দ্রের নেতৃবৃন্দ ও সদস্যদের জন্য কেন্দ্রের কার্যক্রম পরিচালনা ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রম ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণদানের ব্যবস্থা গ্রহণ;
- ➢ কেন্দ্রের সদস্যদেরকে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি সামাজিক উন্নয়নমূলক (শিক্ষা, স্বাস্থ্য-পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, নারীর ক্ষমতায়ন ও পরিবার কল্যাণ ইত্যাদি) সেবাসমূহ কার্যকরভাবে গ্রহণে উদ্বুদ্ধকরণ।

**লক্ষিত (Target) জনগোষ্ঠী:**

ক) আয়ের ভিত্তিতে

- ➢ পরিবারের মাসিক গড় আয় সর্বোচ্চ ২৫,০০০ টাকা এবং শহরতলীতে ৩০,০০০ টাকা ।
- ➢ পর্যাপ্ত নিজস্ব মূলধন না থাকা।
- ➢ বছরের কোন কোন সময়ে আত্মীয় স্বজন থেকে হাওলাত/মহাজন থেকে চড়া সুদে ঋণ নিতে হয়।

**খ) জমি ও সম্পদের ভিত্তিতে**

- ➢ বসতভিটা ছাড়া সর্বোচ্চ ০.০৫-২.৪৯ একর চাষযোগ্য জমির স্বত্বাধিকারী।
- ➢ ব্যবসার পুঁজির জন্য বছরের কোন না কোন সময়ে মহাজনের দ্বারস্থ হতে হয়।
- ➢ ক্ষুদ্র কৃষক ও প্রান্তিক চাষী পরিবারভূক্ত, যাদের কৃষি কাজের পাশাপাশি বাজারে বা গ্রামে নিজস্ব ক্ষুদ্র ব্যবসা রয়েছে।
- ➢ যাদের ব্যতিক্রমধর্মী সৃজনশীলতা ও দক্ষতা আছে কিন্তু মূলধনের জন্য তা কাজে লাগাতে পারছে না- এমন উদ্যোগী সদস্য।

**ফাউন্ডেশনের কর্ম এলাকা :**

ফাউন্ডেশনের কর্ম এলাকা দেশের দারিদ্র্য ম্যাপ অনুযায়ী টি ৮কর্তৃক নির্ধারিত হয়। সে মোতাবেক দেশের (বিবিএস) টি উপজেলায় ফাউন্ডেশনের কার্যক্রম বিদ্যমান রয়েছে।২০০ টি জেলার৩৬ বিভাগের

**ফাউন্ডেশনের জনবল:**

৭৮৭টি। বিদ্যমান জনবল ১২৪৯ফাউন্ডেশনের অনুমোদিত পদের সংখ্যা জন। তন্মধ্যে ০১ জন ব্যবস্থাপনা পরিচালক,০২ জন মহাব্যবস্থাপক, ০৫ জন উপমহাব্যবস্থাপক, ০৭ জন সহকারী মহাব্যবস্থাপক, ২২ জন আঞ্চলিক ব্যবস্থাপক, ১৫২ জন সিনিয়র উপজেলাউপজেলা ব্যবস্থাপক/, ৪৯৯ জন মাঠ কর্মকর্তা জন রয়েছে। ৯৯মাঠ সংগঠক ও অন্যান্য পদে /

**ফাউন্ডেশনের শূন্য পদের তালিকা :**

| পদের নাম | অনুমোদিত পদ | বিদ্যমান জনবল | শূন্য পদ |
|---|---|---|---|
| ০১. ব্যবস্থাপনা পরিচালক | ০১ | ০১ | ০ |
| ০২. মহাব্যবস্থাপক | ০২ | ০২ | ০ |
| ০৩. উপ-মহাব্যবস্থাপক | ০৫ | ০৫ | ০ |
| ০৪. সহকারী মহাব্যবস্থাপকআঞ্চলিক ব্যবস্থাপক/ | ৩৩ | ২৮ | ০৫ |
| ০৫. ব্যবস্থাপকসিনিয়র উপজেলা/ ব্যবস্থাপক/উপ-ব্যবস্থাপক (হিসাব) | ৬৪ | ৫০ | ১৪ |
| ০৬. সহকারী ব্যবস্থাপকপজেলা ব্যবস্থাপকউ/ | ১৬৩ | ১৫২ | ১১ |
| ০৭. ব্যক্তিগত কর্মকর্তা/হিসাব নিরীক্ষক/হিসাব রক্ষক/ কম্পিউটার অপারেটর/সিনিয়র মাঠ কর্মকর্তা/ অফিস সহকারী কাম-ডাটা-এন্ট্রি অপারেটর/ডাটা এ্যানালাইসিস অপারেটর/হিসাব সহকারী/প্রশাসনিক সহকারী/পরিবীক্ষণ সহকারী/নিরীক্ষা সহকারী/ডেসপাস রাইডার/ড্রাইভার/মাঠ কর্মকর্তা/সহকারী হিসাব রক্ষক/ মাঠ সংগঠক | ৯৪৫ | ৬৬৯ | ২৭৬ |
| ০৮. ৪র্থ শ্রেণীর পদ | ৩৬ | ২০ | ১৬ |
| **মোট** | **১২৪৯** | **৯২৭** | **৩৩৯** |

**নোট :**

- ❖ আঞ্চলিক ব্যবস্থাপক ০৫ জন ও অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর ০৫ পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন।
- ❖ ফাউন্ডেশন সরকার প্রদত্ত আবর্তক ঋণ মাঠ পর্যায়ে বিনিয়োগের বিপরীতে আদায়কৃত সার্ভিস চার্জের আয়ের মাধ্যমে জনবলের বেতন ভাতা ও অন্যান্য পরিচালন ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। আবর্তক ঋণ তহবিল প্রাপ্যতা বিবেচনায় জনবল নিয়োগ দেয়া হয়। বিনিয়োগের জন্য আবর্তক ঋণ তহবিলের সংস্থান হলে ধাপে ধাপে অবশিষ্ট শূন্য পদ পূরণ করা হবে।
- ❖ প্রতিবেদনাধীন বছরে ০৫ জন কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া হয় এনং ২০৩ জন কর্মকর্তা/ কর্মচারীকে নতুন নিয়োগ প্রদান করা হয়।

**ফাউন্ডেশন পরিচালনা কর্তৃপক্ষ :**

(ক) সাধারণ পর্ষদ (খ) পরিচালনা পর্ষদ (গ) চেয়ারপার্সন (ঘ) ব্যবস্থাপনা পরিচালক

**(ক) সাধারণ পর্ষদ:**

১১ সদস্য বিশিষ্ট একটি সাধারণ পর্ষদ রয়েছে। পদাধিকারবলে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভাপতি এবং ব্যবস্থাপনা পরিচালক, সদস্য-সচিব।

**<u>সাধারণ পর্ষদের গঠন:</u>**

| ক্র: নং | পদবি ও সংস্থা | পর্ষদে অবস্থান |
|---|---|---|
| ১। | সচিব (এক্স-অফিসিও)<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| ২। | ব্যবস্থাপনা পরিচালক (এক্স-অফিসিও)<br>পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সদস্য |

| ক্র: নং | পদবি ও সংস্থা | পর্ষদে অবস্থান |
|---|---|---|
| ৩। | মহাপরিচালক (এক্স-অফিসিও)<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) | সদস্য |
| ৪। | মহাপরিচালক (এক্স-অফিসিও)<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | সদস্য |
| ৫। | অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ-২) (এক্স-অফিসিও)<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৬। | যুগ্ম সচিব (সম্প্রসারণ) (এক্স-অফিসিও)<br>কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | যুগ্ম প্রধান (এক্স-অফিসিও)<br>পল্লী প্রতিষ্ঠান উইং, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৮। | মহিলা প্রতিনিধি<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯। | অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান (সরকার মনোনীত)<br>রেজিস্ট্রার, সিসিএন ইউনিভার্সিটি<br>চৌধুরী এস্টেট, কোটবাড়ী, কুমিল্লা | সদস্য |
| ১০। | এ্যাডভোকেট মোঃ মোশাররফ হোসেন (সরকার মনোনীত)<br>সদস্য, কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ কৃষকলীগ | সদস্য |
| ১১। | ব্যবস্থাপনা পরিচালক (এক্স-অফিসিও)<br>ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) | সদস্য-সচিব |

➢ **কার্যাবলি:**

ক) ফাউন্ডেশনের কার্যক্রম পরিচালনার জন্য সামগ্রিক নীতি-নির্দেশনা প্রদান;

খ) পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত বার্ষিক বাজেট চূড়ান্ত অনুমোদন;

গ) পূর্ববর্তী বছরের ব্যালেন্স শীট এবং নিরীক্ষীত হিসাব বিবেচনাকরণ;

ঘ) পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক প্রতিবেদন বিবেচনাকরণ; এবং

ঙ) সাধারণ পর্ষদ বছরে একবার সাধারণ সভা আহবান করবেন। তবে, ১৫ মাসের উর্ধ্বে নয়।

**(খ) <u>পরিচালনা পর্ষদ</u>:**

ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়নের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পর্ষদ রয়েছে। পদাধিকারবলে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সভাপতি এবং ব্যবস্থাপনা পরিচালক, সদস্য-সচিব।

| ক্রমিক নং | পদবি ও সংস্থা | পর্ষদে অবস্থান |
|---|---|---|
| ১। | সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সভাপতি |
| ২। | ব্যবস্থাপনা পরিচালক<br>পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সদস্য |
| ৩। | মহাপরিচালক<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) | সদস্য |
| ৪। | যুগ্ম সচিব (বাজেট)<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | অধ্যাপক ড(সরকার মনোনীত) মোঃ মিজানুর রহমান .<br>রেজিস্টারসিসিএন ইউনিভার্সিটি ,<br>চৌধুরী এস্টেটকুমিল্লা ,ড়ীকোটবা , | সদস্য |
| ৬। | এ্যাডভোকেট মোঃ মোশাররফ হোসেন (সরকার মনোনীত)<br>সদস্য কেন্দ্রীয় ,কার্যনির্বাহী কমিটিবাংলাদেশ কৃষকলীগ , | সদস্য |
| ৭। | ব্যবস্থাপনা পরিচালক<br>ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) | সদস্যসচিব- |

**পরিচালনা পর্ষদের কার্যাবলি:**

ক) ধারণ পর্ষদের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে কাজ করবেপরিচালনা পর্ষদ সা;

খ) ফাউন্ডেশনের মেমোরেন্ডাম এন্ড আর্টিকেল অব অ্যাসোসিয়েশন অনুসারে বিভিন্ন বিধিউপবিধি- ও নীতিমালা প্রণয়ন;

গ) কার্যক্রম সম্প্রসারণ ও প্রকল্প গ্রহণের বিষয় বিবেচনাকরণ;

ঘ) অর্থ বছরের বাজেট ও সংশোধিত বাজেট অনুমোদন;

ঙ) প্রশাসনিক, আর্থিক ও আইনগত বিষয় অনুমোদন;

চ) বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ;

ছ) জনবল কাঠামো, নতুন পদ সৃজন ও বেতনস্কেল বিবেচনাকরণ;

জ) ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ ও বেতন-ভাতা নির্ধারণ;

ঝ) 'বার্ষিক সাধারণ সভা' অনুষ্ঠানের তারিখ নির্ধারণ;

ঞ) প্রতি ০৩ মাসে কমপক্ষে একটি সভা অনুষ্ঠান।

## প্রতিবেদনাধীন ২০২৩-২০২৪ অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলিঃ

## ফাউন্ডেশনের কার্যক্রমের অগ্রগতি

ফাউন্ডেশনের অনুকূলে আবর্তক ঋণ তহবিল বাবদ ২০০৫-২০০৬ অর্থ বছরে প্রদত্ত ৫.০০ কোটি টাকার মাধ্যমে ফেব্রুয়ারি ২০০৭ মাসে কার্যক্রম শুরু করা হয় । পরবর্তী ২০০৮-২০০৯ অর্থ বছরে প্রদত্ত ৫.০০ কোটি এবং সর্বশেষ সরকারের গতিশীল নেতৃত্বের সার্বিক সহযোগিতায় ২০১৬-২০১৭ অর্থ বছরে অর্থ মন্ত্রণালয় থেকে অনুন্নয়ন খাত হতে থোক আরো ৪.০০ কোটি আবর্তক ঋণ সহায়তা পাওয়া যায় । ২০০৯ এ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নবান্ধব সরকার দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের জন্য Japan Debt Cancellation Fund (JDCF) থেকে ২৯ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যয়ে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন সহায়তা শীর্ষক প্রকল্প গ্রহণ করে। ২০১২-২০১৩ অর্থ বছরে অপর একটি এবং ২০১৫-২০১৬ অর্থ বছরে আরো একটি প্রকল্পসহ মোট ৩টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ফাউন্ডেশন পর্যায়ক্রমে দেশের ২৮টি জেলার ১১৯ টি উপজেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, জীবনমান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সর্বমোট ১২৮.১৮ কোটি টাকা আবর্তক ঋণ তহবিল সহযোগিতা পায়। ফলে ফাউন্ডেশনের কার্যক্রম ৫৪ টি উপজেলাসহ দেশের ৩৬টি জেলার ২০০ টি উপজেলায় কার্যক্রম সম্প্রসারণ করা হয়।

২০২০-২১ অর্থ বছরে কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারের আর্থিক প্রণোদনা সহায়তা প্যাকেজের আওতায় ১০০.০০ কোটি টাকার বিশেষ অনুদান আবর্তক ঋণ তহবিল বরাদ্দ প্রদান করা হয়। ২০২০-২১ অর্থ বছরে কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারের আর্থিক প্রণোদনা সহায়তা প্যাকেজের আওতায় ১০০.০০ কোটি টাকার বিশেষ অনুদান আবর্তক ঋণ তহবিল বরাদ্দ প্রদান করা হয়। ফলে বর্তমানে ২৪২.১৮ কোটি টাকা 'আবর্তক ঋণ তহবিল' চলমান প্রকল্প হতে তহবিল প্রাপ্তি ৬৯.২২ কোটি এবং সার্ভিসচার্জ প্রবৃদ্ধি ১৮.০১ কোটি টাকাসহ সর্বমোট ৩২৯.৪১ কোটি টাকা আবর্তক ঋণ তহবিল এর মাধ্যমে ফাউন্ডেশনের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে ।

- **ফাউন্ডেশন কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ ও আবর্তক তহবিলের চিত্র:**

(টাকার অংক: কোটি টাকায়)

| ক্রমিক নং | অনুমোদিত অর্থ বছর | প্রকল্পের নাম | প্রকল্পের মেয়াদকাল | মোট প্রাক্কলিত ব্যয় | আবর্তক ঋণ তহবিল |
|---|---|---|---|---|---|
| ০১. | ২০০৫-২০০৬ | সরকারের অনুন্নয়ন খাত | - | ৫.০০ | ৫.০০ |
| ০১. | ২০০৮-২০০৯ | সরকারের অনুন্নয়ন খাত | = | ৫.০০ | ৫.০০ |
| ০১. | ২০০৯-২০১০ | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন | জুলাই,২০০৯- | ২৯.৩৮ | ২৭.৪৮ |

| ক্রমিক নং | অনুমোদিত অর্থ বছর | প্রকল্পের নাম | প্রকল্পের মেয়াদকাল | মোট প্রাক্কলিত ব্যয় | আবর্তক ঋণ তহবিল |
|---|---|---|---|---|---|
| | | সহায়তা প্রকল্প | জুন,২০১৪ | | |
| ০২. | ২০১২-২০১৩ | দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প | জুলাই,২০১৩-ডিসেম্বর,২০১৬ | ৫৯.১৩ | ৩৮.২০ |
| ০৩. | ২০১৫-২০১৬ | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনসহায়তা (২য়পর্যায়) প্রকল্প | জানুয়ারি,২০১৬-ডিসেম্বর,২০১৯ | ৯১.৬৪ | ৬২.৫০ |
| ০৪. | ২০১৬-২০১৭ | সরকারের অনুন্নয়ন খাত | - | - | ৪.০০ |
| ০৫. | ২০২১-২০২২ | কোভিড-১৯ প্রণোদনা তহবিল | ২০২১-২২ ও ২০২২-২৩ | | ১০০.০০ |
| ০৬. | ২০২১-২০২২ | রূপকল্প ২০৪১: ; দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন (চলমান) | জুলাই,২০২২ —জুন,২০২৫ | ১৪৯.০০ | ৬৯.২২ কোটি টাকা |
| | | মোট তহবিল প্রাপ্তি | | | ৩১১.৪০কোটি টাকা |

২০২৩-২০২৪ অর্থবছর ও জুন ২০২৪ পর্যন্ত ফাউন্ডেশনের কার্যক্রমের ক্রমপুঞ্জিত অগ্রগতি নিয়ে উপস্থাপন করা হলোঃ

## একনজরে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন মাঠ কার্যক্রমের ক্রমপুঞ্জিত অগ্রগতি (জুন, ২০২৪ পর্যন্ত)

( লক্ষ টাকায়)

| বিবরণ | | ২০২৩-২৪ অর্থ বছরে অগ্রগতি | ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন, ২০২৪ পর্যন্ত |
|---|---|---|---|
| ১। ঋণ কার্যক্রম শুরু | : | - | ২০০৭ সালে |
| ২। কার্যক্রম বিস্তৃত জেলা | : | - | ৩৬টি |
| ৩। উপজেলা কার্যালয়ের সংখ্যা | : | - | ২০০টি |
| ৪। ক্রমপুঞ্জিত কেন্দ্র গঠন (সংখ্যা) | : | ৬৩০ | ৯,৭৪১ |
| ৫। ক্রমপুঞ্জিত সদস্য ভুক্তি (জন) | : | ১৮,৫৮০ জন | ২,৭২,২১৭ |
| ৬। বিদ্যমান সদস্য (জন) | : | - | ১,১৭,৮১৮ |
| ৭। ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা | | ২৬,৯২.৯৫ | ১৮১,৯৫.০০ |
| ৮। সঞ্চয় স্থিতি | : | - | ৪৭,৮৪.২০ |
| ৯। রাজস্ব খাতের বিশেষ অনুদান আবর্তক ঋণ তহবিল প্রাপ্তি | : | - | ১৪,০০.০০ |
| ১০। ৩টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের মাধ্যমে তহবিল প্রাপ্তি | : | - | ১২৮,১৮.০০ |
| ১১। সদস্য সঞ্চয় হতে বিনিয়োগ | : | - | ১৬,৪৬.০০ |
| ১২। কোভিড-১৯তহবিল প্রাপ্তি | | - | ১০০,০০.০০ |
| ১৩। চলমান প্রকল্প হতে প্রাপ্তি | | ৫৬৯৭.০০ | ৬৯,২২.০০ |
| ১৪। সার্ভিসচার্জ প্রবৃদ্ধি | : | ৩,১৯.১৮ | ১৮,০১.০০ |
| **১৫। সর্বমোট আবর্তক ঋণ তহবিল (৯+১০+১১+১২+১৩+১৪)** | | | **৩৪৫,৮৭.০০** |
| ১৬। ঋণ বিতরণ (আসল) | | ৩০১,১৬.৩৬ | ২,০৩০,৭৯.৪৯ |
| ১৭। ঋণ আদায় (আসল) | | ৩০২,২৫.৯২ | ১,৭৪৯,১৯.২০ |
| ১৮। সার্ভিস চার্জ আদায় | | ৩৫,১০.৯৭ | ১৯৫,৩৯.০০ |
| ১৯। ঋণ আদায়ের হার | : | - | ৯৬% |

| বিবরণ | | ২০২৩-২৪ অর্থ বছরে অগ্রগতি | ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন, ২০২৪ পর্যন্ত |
|---|---|---|---|
| ২০। খেলাপি স্থিতি | : | - | ৫৪,২৯.১৮ |
| ২১। মাঠে বিনিয়োগ স্থিতি (আসল) | : | - | ২৮১,৬০.০০ |
| ২২। অনলাইন মনিটরিং ব্যবস্থার প্রবর্তন | : | - | প্রধান কার্যালয়সহ ২০০ টি উপজেলা কার্যালয় |

## ২০২৩-২৪ অর্থবছরে ফাউন্ডেশনের সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

**কেন্দ্র গঠন ও সদস্যভুক্তি:**

ফাউন্ডেশনের মাধ্যমে গ্রাম পর্যায়ে ক্ষুদ্র কৃষক পরিবারের ১০–২৫ জন পুরুষ/মহিলাকে নিয়ে ০১ (এক)টি করে কেন্দ্র গঠন করা হয়ে থাকে। ২০২৩–২০২৪ অর্থ বছরে ৬৩০ টি কেন্দ্র গঠনের মাধ্যমে ১৮,৫৮০ জন পুরুষ/মহিলাকে সদস্যভুক্ত করা হয় । জুন'২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ৯৭৪১ টি কেন্দ্র গঠনের মাধ্যমে ২,৭২,২১৭ জন পুরুষ/মহিলাকে সদস্যভুক্ত করা হয়।

**ঋণ বিতরণ ও আদায়:**

ফাউন্ডেশনের আওতায় সদস্য/সদস্যাদের কৃষি উৎপাদন বৃদ্ধি, আত্ম-কর্মসংস্থান ও আয় বৃদ্ধিমূলক কার্যক্রমে ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে সর্বোচ্চ ০১ (এক) বছর মেয়াদী এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচিতে ১২ মাস/ ১৮ মাস/ ২৪ মাস মেয়াদী ঋণ প্রদান করা হয়। ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে সাপ্তাহিক কিস্তিতে এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কর্মসূচিতে মাসিক কিস্তিতে ঋণের আসল ও সার্ভিস চার্জ আদায় করা হয়। ২০২৩–২০২৪ অর্থ বছরে ৩০১,১৬.৩৬ লক্ষ টাকা (আসল) ঋণ বিতরণ করা হয় এবং ৩০২,২৫.৯২ লক্ষ টাকা আদায় করা হয়। জুন'২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ২,০৩০,৭৯.৪৯ লক্ষ টাকা (আসল) ঋণ বিতরণ করা হয় এবং ১,৭৪৯,১৯.২০ লক্ষ টাকা (আসল) আদায় করা হয়। আদায়যোগ্য ঋণ আদায়ের শতকরা হার ৯৬% ভাগ।

**পুঁজি গঠন:**

ফাউন্ডেশনের উপকারভোগীদের 'নিজস্ব পুঁজি' গঠনের লক্ষ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আয় হতে সাপ্তাহিক ন্যূনতম ৫০ টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণে মাসিক ৫০০ টাকা হারে 'সঞ্চয় আমানত' জমা করার ব্যবস্থা রয়েছে। ২০২৩–২০২৪ অর্থবছরে সুফলভোগীদের ২৬,৯২.৯৫ লক্ষ টাকা সঞ্চয় আমানত জমা হয়। এ প্রক্রিয়ায় জুন'২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ১৮১,৯৫.০০ কোটি টাকা সঞ্চয় আমানত জমা করা হয়।

**কর্মকর্তা/কর্মচারীদেরকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ:**

ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদেরকে বিভিন্ন দক্ষতা উন্নয়ন আইসিটি ও ঋণ কার্যক্রম পরিচালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চলতি অর্থবছরে ৫২৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং জুন'২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ৫,৪২৭ জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণ প্রদান করা হয়।

**সুফলভোগী প্রশিক্ষণ:**

সুফলভোগীদেরকে বিভিন্ন আয়বর্ধনমূলক কর্মকান্ড যেমন- কৃষি ও কৃষি উৎপাদন সংশ্লিষ্টখাত ও বিভিন্ন উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৩–২০২৪ অর্থ বছরে ৯,৯৫০ জন সুফলভোগীকে আয়বর্ধনমুলক ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়। জুন'২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ৭১,৯৬৭ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**নারীর ক্ষমতায়ন**

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। সুতরাং নারী সমাজকে উৎপাদন ও উন্নয়নের মূল স্রোতধারার সাথে সম্পৃক্ত করা ছাড়া দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। নারীর ক্ষমতায়ন সে সকল বিষয়ের ওপর নির্ভরশীল তার মধ্যে অন্যতম হচ্ছে কর্মসংস্থান তথা আয় উপার্জন। ফাউন্ডেশনের উদ্দেশ্য হচ্ছে কর্মসংস্থান তথা আয় বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য হ্রাসকরণ। এ সকল কর্মসূচির অধিকাংশ সুবিধাভোগী হচ্ছে নারী। ফাউন্ডেশনের আওতায় এ পর্যন্ত মোট ভর্তিকৃত ২,৭২,২১৭ জন সদস্যদের মধ্যে ২,২৭,৩০১ জন নারী সদস্য রয়েছে। নারী সদস্যের শতকরা হার ৮৩.৫০%। সদস্যভুক্ত এ সকল নারীকে আত্ম-কর্মসংস্থানের নিমিত্ত বিভিন্ন

আয়বর্ধনমূলক কর্মকান্ডে চলতি অর্থবছরে ২৫১,৪৭.১৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয় এবং তাঁরা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে ২২,৪৮.৬১ লক্ষ টাকা নিজস্ব পুঁজি গঠনে সক্ষম হয়েছে। প্রতিটি কেন্দ্রের নারী সভাপতি, ম্যানেজার এবং সদস্যদের মধ্যে যারা সৃজনশীল ও নারী নেতৃত্ব প্রদানে সক্ষম তাঁদেরকে তালিকাভুক্ত করে এ পর্যন্ত ৬০,০৯২ জন নারী সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এতে প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীগণ প্রশিক্ষণ লব্দ অভিজ্ঞতা কেন্দ্রের অন্যান্য সদস্যদের মধ্যে বিনিময়ের মাধ্যমে নারীদের উৎপাদন, আত্ম-কর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে তাঁদের আত্ম-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটেছে। ফলে দারিদ্র্য হ্রাসকরণের পাশাপাশি যৌতুক প্রথা ও বাল্য বিবাহ রোধ, নারী নেতৃত্ব বিকাশ, নারীর ক্ষমতায়ন, ও শিক্ষা বিষয়ে নারীগণ অধিক সচেতন হয়েছেন। ফাউন্ডেশনের কর্মকর্তা এবং জেলা ও উপজেলা পর্যায়ের জাতিগঠনমূলক বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণ ফাউন্ডেশনের সুফলভোগীদের প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেছেন।

**চলমান প্রকল্প**

"রূপকল্প ২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন" শীর্ষক প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে ৫৭৮০.০০ লক্ষ টাকা (জিওবি) বরাদ্দের বিপরীতে জুন,২৪ খ্রি: পর্যন্ত অবমুক্ত ৫৬৯৭.০০ লক্ষ টাকা জুন,২৪ খ্রি: পর্যন্ত ব্যয় ৫৪৭৯.৪৭ লক্ষ টাকা এবং অগ্রগতির হার ৯৬.১৮%। ক্রমপুঞ্জিত অর্থ অবমুক্ত ৮৮২৩.০৩ লক্ষ টাকা, জুন,২৪ খ্রি: পর্যন্ত ব্যয় ৮৪৮৬.৭৫ লক্ষ টাকা এবং অগ্রগতির হার ৯৬.১৮%। ডিপিপি মোট বরাদ্দ ১৪৯০০.০০ টাকা, ক্রমপুঞ্জিত মোট ব্যয় ৮৪৮৬.৭৫ টাকা এবং ক্রমপুঞ্জিত অগ্রগতির হার ৫৬.৯৬%।

প্রকল্পটি ফাউন্ডেশনের ১৭৩টি উপজেলা কার্যালয়ের মধ্যে ১০৮টি পুরাতন উপজেলা কার্যালয় এবং প্রকল্পভূক্ত নতুন ২৭টি উপজেলা কার্যালয়সহ মোট ১৩৫টি উপজেলা কার্যালয়ে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

**প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতিঃ**

**(ক) সাংগঠনিক কার্যক্রম: জুন ২০২৪ পর্যন্ত**

| ক্রমিক নং | কার্যক্রম | একক | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|
| ০১। | জনবল নিয়োগ | জন | ২১৯ | ২১৯ | ১০০% |
| ০২। | জনবলের প্রশিক্ষণ | জন | ৪২৫ | ৪০৩ | ৯৪.৮২% |
| ০৩। | সুফলভোগী প্রশিক্ষণ | জন | ১২২৭৫ | ১২২৭৫ | ১০০% |
| ০৪। | জনবল পোষ্টিং/পদায়ন | জন | ২১৯ | ২১৯ | ১০০% |
| ০৫। | মাঠ পর্যায়ের অফিস স্থাপন | সংখ্যা | ১৩৭ | ১০৭ | ৭৮.১০% |
| ০৬। | মাঠ কার্যালয়ের ব্যাংক হিসাব খোলা | সংখ্যা | ৪১১ | ৪১১ | ১০০% |
| ০৭। | অর্থ ছাড়করণ (লক্ষ টাকায়) | টাকা | ১০১৪০.১০ | ১০১৪০.১০ | ১০০% |
| ০৮। | আসবাবপত্র ক্রয় ও সরবরাহ | সংখ্যা | ১৯৪৫ | ১০৬২ | ৫৪.৬০% |
| ০৯। | কম্পিউটার ও অন্যান্য ক্রয় ও সরবরাহ | সংখ্যা | ২৬২ | ২০৩ | ৭৭.৪৮% |
| ১০। | অফিস সরঞ্জাম ক্রয় ও সরবরাহ | সংখ্যা | ১৫ | ০৬ | ৪০% |
| ১১। | অফিস সামগ্রী মুদ্রণ ও সরবরাহ (কার্যালয় সংখ্যা) | সংখ্যা | ১৩৭ | ১৩৭ | ১০০% |

খ) মাঠ কার্যক্রম জুন,২০২৪ পর্যন্ত

২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি ও ক্রমপুঞ্জিত অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | বিবরণ | একক | ২০২৩-২৪ অর্থবছরের ডিপিপি অনুযায়ী (জুলাই-জুন,২৪ পর্যন্ত) | | | ক্রমপুঞ্জিত (এপ্রিল,২৩-জুন,২৪ পর্যন্ত) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অগ্রগতির হার (%) | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অগ্রগতির হার (%) |
| ০১ | কেন্দ্র | সংখ্যা | ৩৭৬ | ৪১১ | ১০৯.৩১ | ৪৯১ | ৫৪৬ | ১১১.২০ |
| ০২ | সদস্য | জন | ১০৪৪১ | ৬৫১৭ | ৬২.৪২ | ১১১৯৯ | ৭২৭৫ | ৬৪.৯৬ |
| ০৩ | পুজিঁ গঠন | লক্ষ টাকা | ৬৭৭.৩৫ | ৫০৪.৪৮ | ৭৪.৪৮ | ৭৭০.৯২ | ৫৯৫.২৯ | ৭৭.২২ |
| ০৪ | ঋণ বিতরণ | লক্ষ টাকা | ১৭৩১৩.৬০ | ৫৪১৮.৫০ | ৩১.৩০ | ১৮০৮৭.১১ | ৬১৯২.০১ | ৩৪.২৩ |
| ০৫ | ঋণ আদায় | লক্ষ টাকা | ১১৯৬২.৯৭ | ২২৬৬.৩৫ | ১৮.৯৪ | ১২০১০.৫১ | ২৩১৩.৮৭ | ১৯.২৭ |
| ০৬ | সুফলভোগী প্রশিক্ষণ | জন | ১১২৫০ | ১১২৫০ | ১০০.০০ | ১২২৭৫ | ১২২৭৫ | ১০০.০০ |
| ০৭ | কর্মকর্তা অবহিতকরণ প্রশিক্ষণ | জন | ৭৫ | ৭৫ | ১০০.০০ | ৮৯ | ৮৯ | ১০০.০০ |
| ০৮ | কর্মচার অবহিতকরণ প্রশিক্ষণ | জন | ১২৫ | ১২৫ | ১০০.০০ | ১৫০ | ১৫০ | ১০০.০০ |
| ০৯ | এমআইএস ও এআইএস প্রশিক্ষণ | জন | ১০০ | ১০০ | ১০০.০০ | ১৬৪ | ১৬৪ | ১০০.০০ |
| ১০ | ত্রৈমাসিক পর্যালোচনা সভা | সংখ্যা | ৪ | ৪ | ১০০.০০ | ৬ | ৬ | ১০০.০০ |
| ১১ | প্রকল্প স্টিয়ারিং কমিটি সভা | সংখ্যা | ৩ | ৩ | ১০০.০০ | ৪ | ৪ | ১০০.০০ |
| ১২ | প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা | সংখ্যা | ৪ | ৩ | ৭৫.০০ | ৫ | ৪ | ৮০.০০ |

**প্রস্তাবিত প্রকল্প :**

- ক) নতুন প্রকল্প প্রস্তাব:
- ২০২৪-২৫ অর্থবছরে এডিপি'তে সবুজ পাতায় “দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর কার্যক্রম সম্প্রসারণ (২য় পর্যায়)” শীর্ষক ২৬৩.০০কোটি টাকার একটি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। বর্তমানে অর্থায়নের ধরণ নির্ধারণের জন্য অর্থ মন্ত্রাণালয়ে প্রক্রিয়াধীন আছে।
- পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে “ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি উৎপাদনে সক্ষমতা বৃদ্ধি” শীর্ষক ৪৮৩.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অপর আরেকটি প্রকল্পের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**খ) বৈদেশিক সহায়তা প্রকল্প প্রস্তাব:**

- বৈদেশিক সহায়তা সংগ্রহের লক্ষ্যে FAO, UNCDF ও CFC সহ কয়েকটি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যোগাযোগ চলমান রয়েছে।

মো: জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক


২০২৩-২৪ অর্থবছরের উল্লেখযোগ্য কিছু স্থির চিত্র:



চিত্র-১: ফাউন্ডেশনের সিলেট বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক" কর্মশালার স্থির চিত্র।



চিত্র-২: পিরোজপুর ও ফরিদপুর অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে "স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এসএফডিএফ" শীর্ষক একটি কর্মশালার স্থির চিত্র।



চিত্র-৩: জামালপুর অঞ্চলের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে"সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে" সভার স্থির চিত্র।




চিত্র-৪: উপজেলার নির্বাহী অফিসারের উপস্থিতিতে সদস্যদের মাঝে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের চেক প্রদান, নাটোর সদর উপজেলা, নাটোর।



চিত্র-৫: উপজেলার নির্বাহী অফিসারের উপস্থিতিতে সদস্যদের মাঝে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের চেক প্রদান, নাটোর সদর উপজেলা, নাটোর।



চিত্র-৬: মাঠ পর্যায়ে উপজেলা ব্যবস্থাপকদের অবহতিকরণ প্রশিক্ষণ কোর্সের স্থির চিত্র।




চিত্র-৭: মাঠ পর্যায়ে কর্মকর্তাদের অটোমেশন ট্রেনিং এর স্থির চিত্র।



চিত্র-৮: মাঠ পর্যায়ের কর্মচারীদের অবহিতকরণ ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ এর স্থির চিত্র।



চিত্র-৯: সুলফভোগীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষন ভেদরগঞ্জ উপজেলা কার্যালয়, শরীয়তপুর।




চিত্র-১০: সুলফভোগী সদস্যদের আয়বর্ধনমূলক প্রশিক্ষন ভান্ডারিয়া উপজেলা কার্যালয়, পিরোজপুর।



চিত্র-১১: এসএফডিএফ হতে ঋণ গ্রহণ করে পেঁপে চাষে সফল উদ্যোক্তা, দামুরহুদা উপজেলা কার্যালয়, চুয়াডাঙ্গা।



চিত্র-১২: এসএফডিএফ হতে ঋণ গ্রহণ করে ছাগল পালন করে সফল উদ্যোক্তা, মিরপুর উপজেলা কার্যালয়, কুষ্টিয়া।

মো: জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক